

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১৬ - ১৪৩

তারিখ : ০৬/০৬/২০১৬খ্রিঃ।

বিষয় : ঋণের অনলাইন আবেদন প্রক্রিয়াকরণ সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ সুবিধা গ্রহণেচ্ছু যুবদের সময়, খরচ ও যত্নোচিত সাশ্রয় করে ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে প্রক্রিয়া করণের কাজ নিম্ন তালিকায় বর্ণিত জেলাধীন উপজেলাসমূহে পর্যায়ক্রমে চালু করা হচ্ছে। যে সব উপজেলায় এ প্রক্রিয়া চালু করা হয়েছে সেসব উপজেলায় বিষয়টি ব্যাপক প্রচারের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার বিশেষ প্রয়োজন রয়েছে।

- ১। ক. প্রত্যেক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের বিষয়টি বিশদ অবহিত করা;
খ. যুব সংগঠনকে অবহিত করা;
গ. উল্লেখযোগ্য আত্মকর্মীদেরকে অবহিত করা;
- ২। উপজেলা সমন্বয় সভায় আলোচনা করে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এবং উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানসহ অন্যান্য জন প্রতিনিধিদের অবহিত করা;
- ৩। ইউডিসি উদ্যোক্তাদের নিয়ে এ বিষয়ে ১ ঘণ্টার ওরিয়েন্টেশন সভার আয়োজন করা;
- ৪। হাট-বাজার/গ্রোথ সেন্টারে যেসব আইটি প্রতিষ্ঠান রয়েছে তাদেরকে অবহিত করা এবং উপজেলার বিভিন্ন অফিস ও ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে নোটিশ প্রদান করা;
- ৫। স্থানীয় পত্রিকায় (যদি থাকে) প্রেস রিলিজ প্রদান করা অথবা অন্য কোন স্থানীয় ব্যবস্থা যদি থাকে তা ব্যবহার করা।

উল্লেখ্য যে, যুবদের মধ্যে ব্যাপক প্রচারের মাধ্যমেই কেবল যুব ঋণের অনলাইনে প্রাথমিক আবেদন প্রক্রিয়াকরণ পদ্ধতি চালুর সুফল পাওয়া যাবে। কাজেই যতদূর সম্ভব এ বিষয়ে জোর প্রচারের ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। একই সাথে সংযুক্ত ছকে জুলাই ২০১৬ হতে এ পদ্ধতিতে আবেদন প্রাপ্তির তথ্য দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় পাঠাতে বলা হলো।

(স্বাক্ষর) ১৬.০৬.১৬
(স্বাক্ষর) শাহীনুর রহমান
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)
ফোন : ৯৫১৫০১৯
Email-addydp@gmail.com

প্রাপকঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর, ----- উপজেলা (-----টি উপজেলা)।

অনুলিপি বিতরণঃ

- ১। পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা (৫টি জেলা)।
- ৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা।
- ৪। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

যে সকল জেলাধীন উপজেলায় এ কাজ শুরু হয়েছে তার তালিকাঃ

নং	জেলার নাম	উপজেলার নাম	শুরুর তারিখ	মন্তব্য
০১	মাগুরা	সদর, শালিখা, মোহাম্মদপুর ও শ্রীপুর	জুন ২০১৫ মাসের ১ম সপ্তাহে	দাঃবিঃ ও ঋণ শাখায় সংযুক্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব পারভেজ মোল্লা সরেজমিনে উপস্থিত হয়ে সময়সূচি মাসিক সংশ্লিষ্টদের সফটওয়্যারটি স্থানান্তর করবেন, একটি ব্রিফিং প্রদান করবেন এবং একটি উপজেলায় ড্রেমেনস্ট্রট করেছেন এবং করবেন।
০২	গোপালগঞ্জ	সদর, মেকসেদপুর, কাশিয়ানী, টুংগীপাড়া ও কোটালীপাড়া	ঐ	
০৩	রাজশাহী	বোয়ালিয়া, পবা, মোহনপুর, গোদাগাড়ী, বাঘমারা, চারঘাট, দুর্গাপুর, তানোর, বাঘা ও পুটিয়া	১৩-১৪ জুন ২০১৬	
০৪	নরসিংদী	সদর, শিবপুর, পলাশ, মনোহরদী, রায়পুরা ও বেলাব	১৬ জুন ২০১৬	ঐ
০৫	নারায়নগঞ্জ	সদর, বন্দর, সোনারগাঁ, আড়াইহাজার ও রূপগঞ্জ	২৮-২৯ জুন ২০১৬	ঐ

প্রতিবেদন ছক

নং	মাসের নাম	মোট প্রাথমিক ঋণ আবেদন প্রাপ্তির সংখ্যা		বছরে এ পর্যন্ত মোট ঋণ আবেদন প্রাপ্তির সংখ্যা	
		অনলাইন	ম্যানুয়েল	অনলাইন	ম্যানুয়েল